

ডেইলি অবজারভার

হোম > জাতীয়

ফাইটোস্যান্টারি ট্রেড কমপ্লায়েন্স প্রকল্পের লাইভ ওয়ার্কশপ আজ

শুক্রবার, ২৬ ফেব্রুয়ারি, ২০২১, রেজি: নং- ০৬

Published : Wednesday, 24 February, 2021 at 3:24 PM

অবজারভার অনলাইন ডেস্ক

বাংলাদেশে ইউএসএআইডি দ্বারা অর্থায়িত 'ফাইটোস্যান্টারি ট্রেড কমপ্লায়েন্স উন্নতকরণ' সম্পর্কিত প্রকল্পের লাইভ ইনসেপশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হবে আজ।

বুধবার বাংলাদেশ সময় সন্ধ্যা সাড়ে ৬টা থেকে রাত ৮টা পর্যন্ত ভার্যুয়ালী জুম অ্যাপে এ ওয়ার্কশপে অনুষ্ঠিত হবে।

ওয়ার্কশপে বাংলাদেশের কৃষি মন্ত্রণালয়ের ও কৃষি সম্প্রসারণ বিভাগ, আমদানি-রপ্তানী বিভাগের উচ্চপদস্থ কর্মকর্তা, কৃষি বাণিজ্য শিল্পের প্রতিনিধি, ইউএসডিএ-এফএএস এর প্রতিনিধি, ইউএসএআইডি এবং এপিএএআরআই এর প্রতিনিধি, গবেষক, কৃষিজ খাদ্যপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের শতাধিক ব্যক্তি ওয়ার্কশপে সংযুক্ত হবেন।

এক প্ল্যাটফর্মে থেকে প্রকল্পের কার্যকর বাস্তবায়নের জন্য বিভিন্ন স্টেকহোল্ডারদের সহযোগিতার আহ্বান জানানোই ওয়ার্কশপের মূল লক্ষ্য।

ওয়ার্কশপে এশিয়া-প্যাসিফিক অ্যাসোসিয়েশন অফ এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউশনস (এপিএএআরআই), থাইল্যান্ড প্রকল্পের বাস্তবায়নে মূল সহযোগী হিসেবে কাজ করবে।

২০১৪ সাল থেকে বাংলাদেশের প্ল্যান্ট কোয়ারেন্টাইন ইন উইং (পিডব্লিউকিউ) কৃষি মন্ত্রণালয়ের অধীনে কৃষি সম্প্রসারণ বিভাগের (ডিএই) সঙ্গে সহযোগী হিসেবে কাজ করে যাচ্ছে ইউএসডিএ ও ফরেন এগ্রিকালচার সার্ভিসেস (এফএএস)।

এ প্রকল্পের আওতায় পোকামাকড় ও কীটপতঙ্গ শনাক্তকরণ ও নজরদারির মাধ্যমে কৃষি ও কৃষি সম্পর্কিত ক্ষেত্র, বাণিজ্য, ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে প্রাতিষ্ঠানিক সক্ষমতা তৈরি করা, প্রশিক্ষণ এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান,

বন্দর পরিদর্শন, জৈব বিষয়ে সুরক্ষা ও নিরাপত্তা বজায় রাখায় আঞ্চলিক ভাবে সমন্বিত থাকার বিষয়সহ, কৃষিবিষয়ক আমদানির ওপর বিশেষ ভাবে জোড় দেয়া হয়েছে।

-এমএ

Editor : Iqbal Sobhan Chowdhury

Published by the Editor on behalf of the Observer Ltd. from Globe Printers, 24/A, New Eskaton Road, Ramna, Dhaka.

Editorial, News and Commercial Offices : Aziz Bhaban (2nd floor), 93, Motijheel C/A, Dhaka-1000. Phone :9586651-58. Fax: 9586659-60; Online: 9513959 & 01552319639;

Advertisemnet:9513663

E-mail: info@dailyobserverbd.com, online@dailyobserverbd.com, news@dailyobserverbd.com, advertisement@dailyobserverbd.com



বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)

জাতীয় বার্তা সংস্থা

Home 0সকল সংবাদ বাসস দেশ বাসস দেশ-২৩ : সরকার কৃষিভিত্তিক সকল উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ

বাসস দেশ-২৩ : সরকার কৃষিভিত্তিক সকল উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ

বাসস দেশ-২৩

ইউএসডিএ-কৃষি

সরকার কৃষিভিত্তিক সকল উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ

ঢাকা, ২৪ ফেব্রুয়ারি, ২০২১ (বাসস) : বাংলাদেশ সরকার কৃষিভিত্তিক সকল প্রকার উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। ইউএসডিএ এবং ফরেন এগ্রিকালচার সারভিসেস (এফএএস) এক্ষেত্রে ২০১৪ সাল থেকে বাংলাদেশের প্ল্যান্ট কোয়ারেন্টাইন উইং (পিডব্লিউকিউ), কৃষি বিভাগ, বাংলাদেশ কৃষি মন্ত্রণালয়ের অধীনে কৃষি সম্প্রসারণ বিভাগের (ডিএই) সাথে সহযোগী হিসেবে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশে ইউএসএআইডি দ্বারা অর্থায়িত 'ফাইটোস্যান্টারি ড্রেড কমপ্লায়েন্স উন্নতকরণ' সম্পর্কিত প্রকল্পের উদ্বোধনের অংশ হিসাবে আজ সন্ধ্যা সাড়ে ৬ টা থেকে রাত ৮ টা পর্যন্ত জুম লিংক এ অনলাইনে অনুষ্ঠিত হতে যাচ্ছে প্রকল্পের লাইভ ইনসেপশন ওয়ার্কশপ।

ওয়ার্কশপে বাংলাদেশের কৃষি মন্ত্রণালয় ও কৃষি সম্প্রসারণ বিভাগ, আমদানী-রপ্তানী বিভাগের উচ্চপদস্থ সংশ্লিষ্টজন, কৃষি বাণিজ্য শিল্পের প্রতিনিধি, ইউএসডিএ-এফএএস এর প্রতিনিধিরা ইউএসএআইডি এবং এপিএআরআই এর প্রতিনিধিরা, গবেষক, কৃষিজ খাদ্যপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহসহ শতাধিক ব্যক্তি ওয়ার্কশপে সংযুক্ত হবেন। লক্ষ্য, এক প্ল্যাটফর্মে থেকে প্রকল্পের কার্যকর বাস্তবায়নের জন্য বিভিন্ন স্টেকহোল্ডারদের সহযোগিতার আহবান জানানো।

এক্ষেত্রে এশিয়া-প্যাসিফিক অ্যাসোসিয়েশন অফ এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউশনস (এপিএআরআই), থাইল্যান্ড প্রকল্পের বাস্তবায়নে মূল সহযোগী হিসেবে কাজ করবে।

প্রকল্পের আওতায় পোকামাকড় ও কীটপতঙ্গ সনাক্তকরণ ও নজরদারির মাধ্যমে কৃষি ও কৃষিসম্পর্কিত ক্ষেত্র, বাণিজ্য, ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে প্রাতিষ্ঠানিক সক্ষমতা তৈরি করা, প্রশিক্ষণ এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান, বন্দর পরিদর্শন, জৈব বিষয়ে

সুরক্ষা ও নিরাপত্তা বজায় রাখায় আঞ্চলিকভাবে সমন্বিত থাকার বিষয়সহ, কৃষিবিষয়ক আমদানীর উপর বিশেষভাবে জোড় দেয়া হয়েছে।
বাসস/সবি/অমি/১৫৪০/-কেকে

Link:

<https://bn.observerbd.com/details.php?id=57896>

<https://www.bssnews.net/bangla/?p=321295>